

শিক্ষা প্রতিষ্ঠানের ইতিহাস

শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শহীদ স্মরণিকা বালিকা উচ্চ বিদ্যালয়
শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান	কিশোরগঞ্জ জেলার নিকলী উপজেলার প্রাণ কেন্দ্রে অবস্থিত শহীদ স্মরণিকা বালিকা উচ্চ বিদ্যালয়। এটি নিকলী উপজেলার একমাত্র নারী শিক্ষা প্রতিষ্ঠান।
প্রতিষ্ঠাকাল	২৬ জুলাই ১৯৭২ খ্রি.
ইতিহাস	১৯৭১ সালে মুক্তিযুদ্ধে যারা লড়াই করে শাহাদাত বরণ করেছেন তাদের স্মৃতিকে ধরে রাখার জন্য এর নামকরণ করা হয়েছে শহীদ স্মরণিকা বালিকা উচ্চ বিদ্যালয়। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন মুক্তিযোদ্ধাদের খাওয়া পড়ার জন্যে সংগৃহিত তহবিলের উদ্বৃত্ত টাকা দিয়ে শিক্ষানুরাগী ব্যক্তিত্ব জনাব আব্দুল হামিদ হেডমাস্টার ও সহকারী শিক্ষক জনাব আব্দুল জব্বার এর পরামর্শে বীর বিক্রম মতিয়র রহমানসহ অন্যান্য বীর মুক্তিযোদ্ধাগণ এবং তৎকালীন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আমির উদ্দিন আহমেদ (পরবর্তীতে সংসদ সদস্য) ও জনাব কারার গিয়াস উদ্দিন আহমেদ সহ স্থানীয় নেতৃবৃন্দের সহযোগিতায় নারী শিক্ষা প্রসারের জন্য বিদ্যালয়টি আত্ম-প্রকাশ করে। নিকলী গোরাচাঁদ উচ্চ বিদ্যালয়ের তৎকালীন সহকারী শিক্ষক জনাব আব্দুল করিমকে বিদ্যালয়টির প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান করা হয়। বিদ্যালয়টির শুভ উদ্বোধন করেন তখনকার এম,এন,এ বাংলাদেশের বর্তমান মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আব্দুল হামিদ। প্রতিষ্ঠাকালে বিদ্যালয়ের শিক্ষার্থী সংখ্যা ছিল ৭৬ জন। শিক্ষার স্তর ছিল জুনিয়র পর্যায়।
শিক্ষা প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা	বর্তমানে প্রতিষ্ঠানটি মাধ্যমিক পর্যায়ে উন্নিত হয়েছে। শিক্ষার্থী সংখ্যা ১০০৭ জন। বিদ্যালয়টিতে চারটি বহুতল ভবন, একটি সুসজ্জিত শেখ রাসেল ডিজিটাল কম্পিউটার ল্যাব, একটি সমৃদ্ধ লাইব্রেরী, একটি বিজ্ঞানাগার ও সুপরিসর খেলার মাঠ রয়েছে। শিক্ষার্থীরা জে, এস, সি ও এস,এস,সি পরীক্ষায় বরাবরই ভাল ফল অর্জন করে। বিদ্যালয়টিতে জমির পরিমাণ ১.৫৭ একর। শিক্ষক কর্মচারীর সংখ্যা ২২জন। বর্তমানে প্রধান শিক্ষক পদে কর্মরত আছেন জনাব মোহাম্মদ সাফী উদ্দিন এম,এ বিএড। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি শিক্ষানুরাগী ব্যক্তিত্ব জনাব কারার সাইফুল ইসলাম, সভাপতি, নিকলী উপজেলা আওয়ামী লীগ ও সাবেক চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ।

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক
আব্দুল হামিদ

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক
আব্দুল হামিদ

২৯/০৭/২২
মোহাম্মদ সাফী উদ্দিন
প্রধান শিক্ষক
শহীদ স্মরণিকা বালিকা উচ্চ বিদ্যালয়
নিকলী, কিশোরগঞ্জ
ইনডেক্স-৪৮৮২৪৭

সভাপতি
বিদ্যালয় প্রতিষ্ঠানের পরিষদ
শহীদ স্মরণিকা বালিকা উচ্চ বিদ্যালয়
নিকলী, কিশোরগঞ্জ

<p>কৃতি শিক্ষার্থীদের নাম ও বর্তমান অবস্থান</p>	<p>০১। সখিতা বিশ্বাস - সহকারী জজ ০২। নুসরাত জাহান উর্মি-প্রভাষক, গুরুদয়াল সরকারী কলেজ, কিশোরগঞ্জ। ০৩। শামছোমাহার তাসমিন - মহিলা বিষয়ক কর্মকর্তা, নিকলী। ০৪। বৃষ্টি আক্তার- এম, বি, বি, এস। ০৫। পরমা দাস-ময়মনসিংহ মেডিক্যাল কলেজে অধ্যয়নরত। ০৬। তাসপিয়া সিদ্দিকী শতাব্দী-সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজে অধ্যয়নরত। ০৭। লাবণ্য বর্মণ- ২০২২ সনে ৭ই মাচের ভাষণ প্রতিযোগিতায় জেলা পর্যায়ে শ্রেষ্ঠ, জাতীয় শিক্ষা সপ্তাহ - ২০২২ এ নিকলী উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষার্থী। • অনেক শিক্ষার্থী বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত।</p>
<p>প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অর্জন</p>	<p>জাতীয় শিক্ষা সপ্তাহ - ২০১৬ ও ২০২২ সনে নিকলী উপজেলায় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়েছে। বরাবরই এ বিদ্যালয়ের সাতাঁরুরা জাতীয় পর্যায়ে কৃতিত্ব অর্জন করে।</p>

শ্রীমতী সখিতা বিশ্বাস
 সহকারী জজ
 নিকলী, কিশোরগঞ্জ

শ্রীমতী সখিতা বিশ্বাস
 সহকারী জজ
 নিকলী, কিশোরগঞ্জ

২২/০৫/২২

মোহাম্মদ সাঈদ উদ্দিন
 প্রধান শিক্ষক
 শ্রীমতী সখিতা বিশ্বাস উচ্চ বিদ্যালয়
 নিকলী, কিশোরগঞ্জ
 ইনভেন্ট-০৮৬২৪৭

সভাপতি
 বিদ্যালয় পরিচালনা পরিষদ
 শ্রীমতী সখিতা বিশ্বাস উচ্চ বিদ্যালয়
 নিকলী, কিশোরগঞ্জ